পিতামাতারা যেসব বিষয়ে প্রশ্ন করে থাকেন *(ক্রমশ)*

প্রশ্ন : কীভাবে আমার সন্তানের গ্রেড নিশ্চিত করা হবে?

উত্তর : আপনার সন্তানের জন্মতারিখ অনুযায়ী তার গ্রেড নিশ্চিত করা হবে। আপনার সন্তানের বয়স ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে পাঁচ বছর হলে (জন্মসাল ২০০৪) আপনার সন্তানকে ২০০৯ সালের সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনে যাওয়ার যোগ্য হবে। আপনার সন্তানের বয়স ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে ছয় বছর হলে (জন্মসাল ২০০৩) আপনার সন্তানের ২০০৯ সালের সেপ্টেম্বরে স্কুলে যাওয়া বাধ্যতামূলক হবে এবং সে প্রথম গ্রেডে যাওয়ার যোগ্য হবে।

প্রশ্ন : এক ব্যক্তি আমাকে পরামর্শ দিয়েছেন যে আমার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন। আমি কী করব?

উত্তর : পরীক্ষার মাধ্যমে যদি নিশ্চিত করা যায় যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন, তাহলে আপনার সন্তানের জন্য এসব পরিষেবার ব্যবস্থা করা হবে।

প্রশ্ন : আমার সন্তান যদি ইংরেজি বলতে না পারে তাহলে কী হবে?

উত্তর : আপনার সন্তানকে একটি দ্বিভাষিক/দ্বৈত ভাষার ক্লাসে ভর্তি হতে পারে অথবা আপনার সন্তানকে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজিতে পড়ানো হতে পারে।

স্কুল শুরু হবে সেপ্টেম্বর ৮, ২০০৯ তারিখ।

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে বরো এনরোলমেন্ট অফিসে যোগাযোগ করুন:

	ডিস্ট্রিক্ট	ঠিকানা	ফোন
BX	7, 9, 10	1 Fordham Plaza, Bronx 10458	(718) 741-8495
	8, 11, 12	1230 Zerega Avenue, Bronx 10462	(718) 828-2975
	8, 11, 12	3450 East Tremont Avenue, Bronx 10465	(718) 794-7420
BK	17, 18, 22	1780 Ocean Avenue, Brooklyn 11230	(718) 758-7687
	20, 21	415 89th Street, Brooklyn 11209	(718) 759-4914
	13, 14, 15, 16	29 Fort Greene Place, Brooklyn 11217	(917) 696-5790
	19, 23, 32	1665 St. Mark's Avenue, Brooklyn 11233	(718) 922-4946
M	1, 2, 4	333 Seventh Avenue, 12th Fl., New York 10001	(917) 339-1755
	3, 5, 6	388 West 125th Street, 7th Fl., New York 10027	(212) 342-8300
Q	24, 30	28-11 Queens Plaza North, Long Island City 11101	(718) 391-8386
	25, 26	30-48 Linden Place, Flushing 11354	(718) 281-3791
	27	82-01 Rockaway Boulevard, Ozone Park 11416	(718) 348-2929
	28, 29	90-27 Sutphin Boulevard, Jamaica 11435	(718) 557-2774
SI	31	715 Ocean Terrace, Bldg. A, Staten Island 10301	(718) 420-5629

Office of Early Childhood Education

52 Chambers Street, Room 213, New York, NY 10007 • 212.374.0351

http://schools.nyc.gov/earlychildhood

T&I-10976 (Bengali) K-1

NYC Department of Education

Joel I. Klein, Chancellor

সাফল্যের ধাপ

কিন্ডারগার্টেন ও প্রথম গ্রেডে ভর্তি

ভর্তি প্রক্রিয়া

যদি ২০০৯ সালের ৩১ ডিসেম্বর আপনার সন্তানের ***বয়স পাঁচ বছর*** হয় তাহলে সে ২০০৯ সালের সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনে যাওয়ার যোগ্যতা লাভ করবে।

যদি ২০০৯ সালের ৩১ ডিসেম্বর আপনার সন্তানের ***বয়স ছয় বছর*** হয় তাহলে তার স্কুলে যাওয়া বাধ্যতামূলক হবে এবং সে প্রথম গ্রেডে যাবে।

আপনার ডিস্ট্রিক্ট ও জোন স্কুল সম্পর্কে তথ্য পেতে হলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন অথবা ডিপার্টমেন্ট অব এডুকেশনের নিচের ওয়েবসাইট http://schools.nyc.gov/FindASchool/ দেখুন।

প্রয়োজনীয় নথিপত্র

সন্তানকে নিয়ে স্থানীয় স্কুলে যাওয়ার সময়ে, অনুগ্রহ করে বয়স, ঠিকানা এবং প্রতিষেধক গ্রহণের তথ্য প্রমাণের নথিপত্র সঙ্গে নেবেন।

বয়সের প্রমাণ

- সন্তানের সরকারি ***জন্মসনদ;*** অথবা
- জন্মতারিখ উল্লেখ করা ***সরকারি পাসপোর্ট।***

ঠিকানার প্রমাণ

৬০ দিনের বেশি পুরনো হলে চলবে না।

নিচের যে কোন একটি:

- আবাসিক ইউটিলিটি বিল (কিস্প্যান/কন এডিসন বা লং আইল্যান্ড পাওয়ার ইউটিলিটি-এর দেয়া বিদ্যুৎ/গ্যাস বিল)
- ফেডারেল, স্টেট কিংবা স্থানীয় সরকারি প্রতিষ্ঠানের নিজস্ব দাপ্তরিক কাগজে দেয়া নথি (যেমন, সন্তানের আবাসিক ঠিকানা ও নাম উল্লেখ করা আইআরএস, সিটি হাউজিং অথরিটি, অ্যাডমিনিস্ট্রেশন ফর চাইল্ড সার্ভিসেস বা কোন এসিএস সাব-কন্ট্রাক্টরের নথি)
- চ্যান্সেলরের প্রবিধান A-101 অনুযায়ী দেয়া ঠিকানার অ্যাফিডেভিট

কিংবা একসাথে নিচের তালিকার যে কোন দুইটি:

- মূল লিজ, চুক্তি কিংবা মর্টগেজ স্টেটমেন্ট
- প্রপার্টি ট্যাক্স বিল
- পানির বিল
- কাজের জায়গা থেকে পেরোল সংক্রান্ত নথি (যেমন, ট্যাক্স ফরম/রসিদ)

অনুগ্রহ করে মনে রাখবেন, ভর্তির সময় ছেলেমেয়েদের উপস্থিত থাকতে হবে।

কিন্ডারগার্টেন — প্রথম গ্রেডের স্বাস্থ্য সংক্রান্ত শর্ত

সকল নতুন শিক্ষার্থীর স্বাস্থ্য-পরীক্ষা বাধ্যতামূলক। আপনি নিজ ব্যবস্থায় স্বাস্থ্যপরীক্ষা করাতে সক্ষম না হলে নিউ ইয়র্ক সিটি হেল্‌থ অ্যান্ড হাইজিন দপ্তরের (ডিওএইচএমএইচ) কোন চিকিৎসক তা করতে পারেন।

প্রতিষেধক সংক্রান্ত শর্ত

যে শিক্ষার্থীরা এ শর্তগুলো সম্পূর্ণরূপে পূরণ করবে, তাদেরকে প্রতিষেধকের অসমাপ্ত মাত্রা সমাপ্ত করার পরিকল্পনা প্রস্তুতি-সাপেক্ষে সাময়িকভাবে ভর্তি করা হতে পারে।

কিন্ডারগার্টেন	গ্রেড ১-১২
ডিপথেরিয়া, ধনুষ্টংকার, হুপিং কাশি (ডিটিএপি অথবা ডিটিপি) ৪ মাত্রা	**ডিপথেরিয়া, ধনুষ্টংকার, হুপিং কাশি (ডি.টি.এ.পি. অথবা ডি.টি.পি.):** ৩ মাত্রা
	ডিটিএপি (১ জানুয়ারি, ১৯৯৪ বা তার পরে জন্মগ্রহণকারী সকল ৬ষ্ঠ ও ৭ম গ্রেডের শিক্ষার্থীদের জন্য ১, ২০০৭ থেকে কার্যকর): ১ ডোজ
পোলিও (আইপিভি অথবা ওপিভি) ৩ মাত্রা	**পোলিও (আই.পি.ভি. অথবা ও.পি.ভি.)** ৩ মাত্রা
হাম, মাম্পস্, রুবেলা (এমএমআর): ২ মাত্রা ভূমিষ্ঠ হওয়ার দিন অথবা তার পরে ১ মাত্রা, হামের দ্বিতীয় মাত্রা (সম্ভব হলে এমএমআর) ১৫ মাস বয়সে এবং কমপক্ষে প্রথম মাত্রার ২৮ দিন পর।	**হাম, মাম্পস্, রুবেলা (এম.এম.আর.):** ২ মাত্রা ভূমিষ্ঠ হওয়ার দিন অথবা তার পরে ১ মাত্রা, তারপর জানুয়ারি ১, ১৯৮৫ তারিখের পর জন্ম নেয়া শিক্ষার্থীদের হামের দ্বিতীয় মাত্রা (সম্ভব হলে এম.এম. আর.) ১৫ মাস বয়সে এবং কমপক্ষে প্রথম মাত্রার ২৮ দিন পর।
জলবসন্ত: ১ মাত্রা জন্মদিনে বা প্রথম জন্মদিনের পর	**জলবসন্ত:** ১ মাত্রা (গ্রেড ১, ২, ৩, ৪, ৬, ৭ এবং ৮)
হেপাটাইটিস্ বি (এইচ.বি.ভি.) ৩ মাত্রা	**হেপাটাইটিস্ বি (এইচবিভি)** ৩ মাত্রা ৩ মাত্রা শিশুদের হেপাটাইটিস বি অথবা শুধু ১১-১৫ বছর বয়েসীদের জন্য কমপক্ষে ৪ মাসের ব্যবধানে বয়স্কদের ২ মাত্রা মার্ক এইচ.বি. Recombivax) প্রতিষেধক। সংশ্লিষ্ট কাগজে অবশ্যই প্রতিষেধকের প্রকৃতি ও মাত্রার উল্লেখ থাকতে হবে।

জুলাই ১৯৯৬ সাল থেকে নিউ ইয়র্ক সিটির মাধ্যমিক স্কুলে যক্ষার (PPD) স্কিন পরীক্ষা বাধ্যতামূলক হিশেবে বলবৎ করা হয়েছে।

স্বাস্থ্য বিমা

ছেলেমেয়ে অথবা পিতামাতাদের অভিবাসনগত অবস্থান নির্বিশেষে নিউ ইয়র্ক স্টেট-এর ১৯ বছরের কম বয়েসী সকল ছেলেমেয়ের জন্য 'চাইল্ড হেলথ প্লাস' কর্মসূচির মাধ্যমে **বিনামূল্যে** অথবা **কম খরচে** স্বাস্থ্য বিমার ব্যবস্থা আছে। চাইল্ড হেল্‌থ প্লাস শিশুদের প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা, চোখ ও দাঁতের যত্ন, প্রতিষেধক ও ওষুধের ব্যবস্থা প্রদান করে। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা পরবর্তী পৃষ্ঠায় তালিকাভুক্ত নিকটতম ডিপার্টমেন্ট অব হেল্‌থ অ্যান্ড মেন্টাল হাইজিন হেল্‌থ ইন্স্যুরেন্স দপ্তরে যোগাযোগ করুন।

অনুগ্রহ করে বাড়ির ঠিকানা, বয়স, পরিচিতি এবং পারিবারিক আয়ের প্রমাণ সঙ্গে নিয়ে নিম্নোল্লিখিত কোন জায়গায় আসবেন। কাজ শুরুর সময়ের আগে ফোন করে নিশ্চিত হবেন।

ব্রংক্স	**Tremont Health Center** 1826 Arthur Avenue, Basement, Bronx, NY 10457	(718) 466-8842
ব্রুকলিন	**Brownsville Health Center** 259 Bristol Street, 2nd Floor, Brooklyn, NY 11212	(718) 495-8235
	Fort Greene Health Center 295 Flatbush Ext., 5th Floor, Brooklyn 11201	(718) 643-4467
	Homecrest Health Center 1601 Avenue S, Room 113, Brooklyn 11229	(718) 336-2553, Ext. 144/145
কুইন্স	**Corona Health Center** 34-33 Junction Blvd., Room B5, Jackson Heights 11372	(718) 476-7189
	Parsons Boulevard 90-37 Parsons Boulevard, Jamaica, NY 11432	(718) 262-5512
ম্যানহাটান	**Chelsea Health Center** 303 Ninth Avenue, 1st Floor, New York, NY 10001	(212) 244-0841
	Washington Heights Health Center 600 West 168th Street, Basement, New York 10032	(212) 491-1661 (212) 491-4453
স্ট্যাটেন আইল্যান্ড	**Richmond Health Center** 51 Stuyvesant Place, Room 203, Staten Island, NY 10301	(718) 420-6071

পিতামাতারা যেসব প্রশ্ন জিজ্ঞাসা করে থাকেন

প্রশ্ন : **আমার সন্তান কোন্ স্কুলে যাবে? আমি কি স্কুল বেছে নিতে পারি?**

উত্তর : সাধারণত আপনার ঠিকানাই নির্ধারণ করে আপনার সন্তান কোন্ স্কুলে যাবে।

প্রশ্ন : **আমি কীভাবে আমার ডিস্ট্রিক্ট ও আমার সন্তানের জোনভিত্তিক স্কুলটি খুঁজে পাব?**

উত্তর : আপনি 311 নম্বরে ফোন করে আপনার ঠিকানা দিতে পারেন অথবা নিচে উল্লেখ করা ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইট http://schools.nyc.gov-এ গিয়ে নিচের নির্দেশ অনুসরণ করুন:

Find A School এর নিচে

- আপনার সন্তান যে গ্রেডে যাবে, '*School Level*' এর নিচের ড্রপ-ডাউন মেন্যুতে সেটি নির্বাচন করুন।
- "*Begin Search*" -এ ক্লিক করুন।
- স্ক্রিনের নির্দেশ অনুসরণ করুন।

(ক্রমশ)